ফোন ঃ

অফিস ঃ ৯৫৫০৩৫৩

গোপনীয়

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
**শৃংখলা পরিদপ্তর**
**আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

স্মারক নং-৮৩-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-১৪/২০১৮

১৭/০২/১৪২৭ বঙ্গাব্দ
তারিখ ঃ ----------------------
৩১/০৫/২০২০খ্রিস্টাব্দ

## দপ্তারাদেশ

জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১) সহকারী প্রকৌশলী (পুর) সিলেট পওর সার্কেল বাপাউবো, সিলেট গত ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন মর্মে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট এর স্মারক নং-পাউবো/তঃপ্রঃ/ এস,সি/পি,এফ/১১০২ তারিখঃ ১৪/১২/২০১৭ খ্রিঃ এর মাধ্যমে পরিচালক কর্মচারী পরিদপ্তর, বাপাউবো,ঢাকাকে অবহিত করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর অংদাঃ নং-২০৬২ তারিখঃ ০২/১২/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে তার উল্লেখিত অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-০২-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-১৪/২০১৮ তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১) সহকারী প্রকৌশলী (পুর) সিলেট পওর সার্কেল বাপাউবো, সিলেট গত ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৫/০৭/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত আমেরিকা যুক্তরাষ্ট্রের টেক্সাসে উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে (এমএস) ২ বছরের জন্য শিক্ষা ছুটির আবেদন করে বোর্ডের কোনরূপ সিদ্ধান্ত পাওয়ার পূর্বেই আমেরিকায় চলে গেছেন এবং গত ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখ হতেই কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এমনকি তিনি তার দপ্তরের সাথে অদ্যাবধি কোন যোগাযোগ রক্ষা করেননি অর্থাৎ তিনি ১৬/০৭/২০১৭ খ্রিঃ হতে সুদীর্ঘ সময় বোর্ডের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা বাপাউবোর্ডের স্বার্থের পরিপন্থি, পলায়ন ও দাপ্তরিক কাজে অবহেলার পরিচয় বহন করে।

২। জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১), সহকারী প্রকৌশলী (পুর), সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট গত ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং বোর্ড ও সরকারের অনুমতি ছাড়াই আমেরিকায় গমন/অবস্থান করছেন এবং বোর্ডের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১), সহকারী প্রকৌশলী (পুর), সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৯৬-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-১৪/২০১৮ তারিখঃ ২১/০৫/২০১৯ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার অফিসের ঠিকানায় প্রেরণ করা হলে "বর্তমানে উল্লেখিত ঠিকানায় উক্ত নামে কোন প্রাপক নেই তাই ফেরৎ" এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি কোন জবাব পাওয়া না যাওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২১৩/পাউবো/শৃং/শা-১/অভি(ক)-১৪/২০১৮ তারিখঃ ২২/০৯/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৫। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ তিনি বিগত ১৬.০৭.২০১৭ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৬.০৭.২০১৭ খ্রিঃ থেকে তার ওপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৬। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ তিনি বিগত ১৬.০৭.২০১৭ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৬.০৭.২০১৭ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড কেন আরোপ করা হবে না, উহা বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে শৃংখলা পরিদপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য শৃংখলা পরিদপ্তরে স্মারক নং-৫২/পাউবো/শৃং/শা-১/অভি(ক)-১৪/২০১৮ তারিখঃ ০১/০৩/২০২০খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত নোটিশ এর কোন জবাব পাওয়া যায়নি এবং দাপ্তরিক ঠিকানায় প্রেরিত নোটিশটি "উল্লেখিত ঠিকানায় উক্ত নামে কোন প্রাপক নেই তাই ফেরত" মন্তব্যসহ ডাক বিভাগ কর্তৃক অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়।

অঃ পৃঃ দ্রঃ

৭। জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১), সহকারী প্রকৌশলী (পুর), সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় অর্থাৎ উক্ত কর্মকর্তা বিগত ১৬.০৭.২০১৭ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তিনি অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (ঊ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৬.০৭.২০১৭ খ্রিঃ থেকে তার ওপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১), সহকারী প্রকৌশলী (পুর), সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(ঊ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৬-০৭-২০১৭ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৯। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০১/০৫/2020

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১
টেলিফোন নম্বর ঃ ৯৫৫০৩৫৩
Dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৮৩(১৬)-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-১৪/২০১৮

তারিখঃ ১৭/০২/১৪২৭বঙ্গাঃ
৩১/০৫/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
২. সচিব, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট।
৪. পরিচালক কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তারাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, সিলেট।
৯. জনাব লিংকন সরকার (আইডি নং-৯৩১২২৯০০১), সহকারী প্রকৌশলী (পুর) (বরখাস্তকৃত), সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট/প্রযত্নে পিতাঃ জীবন চন্দ্র খাঁ, গ্রামঃ নয়াহাটি, পোষ্টঃ নয়াহাটি বাজার, থানাঃ সাভার, জেলাঃ ঢাকা।
১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন /পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

৩১/০৫/২০২০

(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৪০৩১১০০১
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯

ক্রমিক নং
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

◆ তারিখঃ
◆ জরুরী
◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
◆ নথিতে পেশ করুন
◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন

E:\Eva Pradhan\order.s-3\Comilla.doc87